

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর।
www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.২৭৪৩.০০০.২৭.০০১.২৩-

তারিখঃ ০২/১১/২০২৩ ইং

নিলাম বিজ্ঞপ্তি নং-০২/২০২৩-২৪


এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত অস্থায়ী টিনসেড সেমিপাঁকা মসজিদ নিলাম ডাক সরকারী বিধি মোতাবেক বিক্রির নিমিত্তে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার অধিবেশন নং-২০২৩/১০ তাং-১৯/১০/২০২৩ ইং মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়।
কাজটির বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	কাজের নাম	কাজের অবস্থান	সর্বনিম্ন প্রাক্কলিত মূল্য/সরকারী মূল্য	জামানতের পরিমাণ (টাকা) ফেরতযোগ্য	মন্তব্য
০১	উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত অস্থায়ী টিনসেড সেমিপাঁকা মসজিদ নিলাম	উপজেলা পরিষদ	১৩৩৪৪/৫০	১০০০/-	

এমতাবস্থায়, উক্ত কাজটি আগামী ০৯/১১/২০২৩ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদে প্রকাশ্যে নিলামে বিক্রয় হবে। নিলামে আগ্রহী জনসাধারণকে সরেজমিনে কাজটি পরিদর্শনপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যথাসময়ে উপজেলা পরিষদে সভাকক্ষে উপস্থিত হয়ে নিলামে অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। নিলামে অংশগ্রহণকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হবে। এবং নিলামে অংশগ্রহণের পূর্বে প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।
- ২। সর্বনিম্ন প্রাক্কলিত মূল্য (সরকারী মূল্য) হতে নিলাম ডাক শুরু করতে হবে।
- ৩। নিলামে অংশগ্রহণকারীর মধ্যে সর্বোচ্চ ডাকধারীর ডাক গ্রহণ করা হবে। সর্বোচ্চ ডাকধারীর সাথে যদি চুক্তি না হয় তবে যথাক্রমে ২য় ও ৩য় সর্বোচ্চ ডাকধারীকে চুক্তি সম্পাদনের জন্য আহ্বান করা হবে। একারণে ২য় ও ৩য় সর্বোচ্চ ডাকধারীর জামানতের টাকা ও চুক্তি সম্পাদনের সময় পর্যন্ত নিলামকারী কতৃপক্ষের নিকট রক্ষিত থাকবে।
- ৪। ডাকের সমুদয় টাকা হতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৫। নিলাম ডাকের পর কোন রকম আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৬। নিলাম শেষে প্রতিটি কার্যাদেশ পাওয়ার ০৫(পাঁচ) দিনের মধ্যে পুরাতন কালভাঁটের সমুদয় মালামাল বটোম স্লাবসহ নিজ খরচে ভেঙ্গে নিতে হবে। অন্যথায় জামানতের টাকা বাতিল বলে গণ্য হবে।


(মোঃ সফিউল ইসলাম)
উপজেলা প্রকৌশলী


সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
ঘোড়াঘাট, দিনাজপুর।

তারিখঃ ০২/১১/২০২৩ ইং

স্মারক নং- ৪৬.০২.২৭৪৩.০০০.২৭.০০১.২৩-

অনুলিপি সদস্য অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৩। উপজেলা নিবাহী অফিসার ও সভাপতি, উপজেলা নিলাম কমিটি ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৪। উপজেলা কৃষি অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৫। উপজেলা বর্মকর্তা, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৬। অফিস নথি।


(মোঃ সফিউল ইসলাম)
উপজেলা প্রকৌশলী
ঘোড়াঘাট, দিনাজপুর